আলমডাঙ্গার পাইকপাড়ায় সংবাদ প্রকাশের পরই নিম্নমানের ইট-খোয়া অপসারণ

আলমডাঙ্গার পাইকপাড়ায় সড়কে নিম্নমানের সামগ্রী ব্যবহারের অভিযোগ’ শিরোনামে ‘দৈনিক মেহেরপুর প্রতিদিন’ পত্রিকায় সংবাদ প্রকাশের পরই অপসারণ করা হয়েছে ব্যবহৃত নিম্নমানের ইট। পূণরায় মানসম্মত ইটের ব্যবহার নিশ্চিতে কঠোর অবস্থান নেয় উপজেলা প্রকৌশলী (এলজিইডি)।

আজ রোববার সকালে তারা ঠিকাদারি প্রতিষ্ঠানকে চিঠির মাধ্যমে অপসারণের নির্দেশ দেন। নিম্নমানের ইট অপসারণ ও মানসম্মত ইটের ব্যবহার করায় খুশি স্থানীয়রা।

জানাগেছে, উপজেলা আইলহাঁস ইউনিয়নের পাইকপাড়া টু পাইকপাড়া স্কুল পর্যন্ত প্রায় ১০ লাখ টাকা ব্যায়ে ১২০ মিটার নতুন সড়ক নির্মাণ করা চলছিল। ওই রাস্তায় নিম্নমানের ইট-খোয়া ব্যবহারের অভিযোগ তোলেন স্থানীয়রা। একপর্যায়ে সড়ক নির্মাণের কাজও তারা বন্ধ করে দেয়। এঘটনাটি উপজেলা প্রকৌশলীকে জানালে তারা দ্রুত ব্যবস্থা গ্রহণ করেন। এছাড়া সড়কের নিম্নমানের ইট অপসারণের নির্দেশ দেন।

এবিষয়ে উপজেলা প্রকৌশলী (এলজিইডির) কর্মকর্তা আব্দুর রশিদ জানান, সড়কে নিম্নমানের ইট-খোয়া ব্যবহারের কোন সুযোগ নেই। ঠিকাদারি প্রতিষ্ঠানকে চিঠির মাধ্যমে নিম্নমানের সামগ্রী অপসারণ করার নির্দেশে দেওয়া হয়।

আজ রোববার সকাল থেকে তারা ওই ইটগুলো অপসারণ পূর্বক নতুন মানসম্মত ইট ব্যবহার করে আবারো কাজ শুরু করে।

আলমডাঙ্গার পাইকপাড়ায় গাঁজাসহ আটক ১

আলমডাঙ্গার ঘোলদাড়ি পাইকপাড়ায় ২’শ গ্রাম গাঁজাসহ এক ব্যবসায়ীকে আটক করেছে পুলিশ। আজ সোমবার বিকেল সাড়ে ৪ টায় ডালিম শাহ মোড় থেকে তাকে আটক করে। তার শরীর তল্লাশী করে ২’শ গ্রাম গাঁজা উদ্ধার করে।

জানাগেছে, আলমডাঙ্গা উপজেলার নাগদাহ ইউনিয়নের জোরগাছা শান্তিপাড়ার মৃত মঙ্গল উদ্দিনের ছেলে খবির উদ্দিন (৩০)। সে দীর্ঘদিন ভ্রাম্যমাণ গাঁজা বিক্রয় করে আসছিলো। আজ সোমবার বিকেলে পাইকপাড়া গ্রামে গাঁজা বিক্রয় করতে আসে খবির উদ্দিন। ঘোলদাড়ি ফাঁড়িপুলিশ গোপন সংবাদের ভিত্তিতে মাদক বিরোধী অভিযান পরিচালনা করে।

এসময় ডালিম শাহ মোড়ে তাকে আটক করে। পরবর্তীতে তার শরীর তল্লাশী করে ২’শ গ্রাম গাঁজা উদ্ধার করে। এঘটনায় পুলিশ বাদি হযে খবির উদ্দিনের বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দায়ের করেন।

আলমডাঙ্গার পাইকপাড়ায় দু’জুয়াড়ী আটক

আলমডাঙ্গার ঘোলদাড়ি পাইকপাড়ায় দু’জোয়াড়ীকে আটক করেছে পুলিশ। গত শুক্রবার (১২ মে) রাত সাড়ে ১০ টার দিকে ঘোলদাড়ি ফাঁড়িপুলিশ তাদের আটক করে।

আটকৃতরা হলেন- আইলহাঁস ইউনিয়নের পাইকপাড়া গ্রামের মাঝের পাড়ার মতিয়ার রহমানের ছেলে মুক্তাদুল (২০), রায়হান আলীর ছেলে রাসেল (২১)।

পুলিশ সূত্রে জানাযায়, ইউনিয়নের পাইকপাড়া গ্রামের জিকে ক্যানেলের উপর দাউদ মন্ডলের ছেলে ইয়ামিন চায়ের দোকানের ব্যবসা করে। রাত

হলেই দোকানে রমরমা জুয়ার আসর চালায়। ঘোলদাড়ি ফাঁড়িপুলিশ বিভিন্ন সময় অভিযান চালালেও জোয়াড়ীরা ধরা ছোয়ার বাইরে চলে যায়।

গত শুক্রবার রাতে গোপন সংবাদের ভিত্তিতে ফাঁড়িপুলিশ অভিযান চালিয়ে দু’জোয়াড়ীকে আটক করে। পুলিশের উপস্থিতে অনেকে পালিয়ে যায়। ঘটনাস্থল থেকে ১ সেট তাস ও ৫২০ টাকা উদ্ধার করে পুলিশ। দু’জুয়াড়ীর বিরুদ্ধে আলমডাঙ্গা থানায় মামলা দায়ের করেছে পুলিশ।